

গতকাল (রবিবার) স্থানীয় একটি হোটেলে 'বেগম- জেবুন্নেছা ও কাজী মাহবুব উল্লাহ জনকল্যাণ ট্রাষ্ট' আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্তদের সঙ্গে ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান এবং জনাব মাহবুব উল্লাহ ও বেগম জেবুন্নেছা (পিছনের সারিতে ডান হইতে ২য় ও ১ম —ইত্তেফাক

# জেবুন্নেছা মাহবুব উল্লাহ ট্রাষ্টের পুরস্কার বিতরণ

(ইত্তেফাক রিপোর্ট)

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার গতকাল (রবিবার) বলেন, জনকল্যাণকর উদ্যোগে সাফল্যের জন্য অর্থ-সামর্থ্যের সহিত সংবেদনশীল মনমানসেরও প্রয়োজন রহিয়াছে। জেবুন্নেছা মাহবুবউল্লাহ ট্রাষ্টের '৭৮-৭৯-র পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাইস প্রেসিডেন্ট প্রধান অতিথির ভাষণে বিভিন্ন ক্ষেত্রে প্রতিশ্রুতিশীল ও পথিকৃৎ ভূমিকার জন্য ট্রাষ্টের পুরস্কার প্রবর্তনের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে ট্রাষ্ট চেয়ারম্যান কাজী মাহবুব উল্লাহ, ভাইস চেয়ারম্যান ডঃ কাজী আবু ইউসুফ, অধ্যাপক কবীর চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন।

অনুষ্ঠানে ১৯৭৮ এবং ১৯৭৯ সনে দেশের সাংবাদিকতা, সংস্কৃতি খেলাধুলা এবং কৃষি গবেষণায় বিশেষ অবদানের জন্য ৮টি পুরস্কার প্রদান করা হয়। ১৯৭৮ সনের জন্য সাংবাদিকতায় জনাব জহুর হোসেন চৌধুরী, সংগীত শিক্ষায় জনাব সোহরাব হোসেন, খেলাধুলায় জনাব সালাহউদ্দিন, কৃষি গবেষণায় জনাব সুফী মহিউদ্দিন আহমদ, জনাব আবদুর রাজ্জাক, জনাব এ, বি সাখাওয়াৎ হোসেন এবং মোহাম্মদ মঈনুল হক এবং ১৯৭৯ সনের জন্য সাংবাদিকতায় জনাব আবু জাফর সামসুদ্দিন, খেলাধুলায় জনাব শহিদুর রহমান (সান্টু), নাটকে বেগম ফেরদৌসী মজুমদার, কৃষি গবেষণায় জনাব এম,এম আলী, ডঃ এস,এ, রশীদ, এইচ, চক্রবর্তী এবং জনাব বি, আলমকে পুরস্কার প্রদান করা হয়। খেলাধুলা ব্যতীত প্রত্যেকটি ক্ষেত্রে পুরস্কার লাভকারীদের একটি স্বর্ণপদক ও নগদ ১০ হাজার টাকা এবং খেলাধুলার ক্ষেত্রে একটি স্বর্ণপদক ও নগদ ৫ হাজার টাকা প্রদান করা হয়।

সাংবাদিকতায় জনাব জহুর হোসেন চৌধুরীকে পুরস্কার প্রদানের সিদ্ধান্তে ট্রাষ্ট সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষারই প্রতিফলন ঘটাইয়াছেন বলিয়া প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সভাপতির ভাষণে মন্তব্য করেন।